কানাইঘাটে জাতীয় উৎপাদনশীলতা দিবসের আলোচনা সভা

কানাইঘাট প্রতিনিধি : অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের ন্যায় কানাইঘাটে জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১১ টায় উপজেলা প্রসাশনের উদ্যোগে এ উপলক্ষ্যে আলোচনা সভা উপজেলা সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে উৎপাদনশীলতা দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মুনমুন নাহার, উপজেলা প্রকৌশলী রিয়াজ মাহমুদ, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, থানার সেকেন্ড অফিসার এসআই রনজিৎ দাস, সরকারি চাকুরীজীবি মইন উদ্দিন, ব্যবসায়ী সুলতান আহমদসহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাবৃন্দ।

আলোচনা সভায় নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি জাতীয় উৎপাদনশীলতা দিবসের গুরুত্ব তুলে ধরে বলেন, সরকারের নানামূখী সঠিক সিদ্ধান্তের কারনে দেশের উৎপাদনশীলতা সেক্টরের বিকাশ দিনদিন এগিয়ে যাচ্ছে। নিম্নায়ের দেশ থেকে আমরা মধ্য আয়ের ও উন্নয়শীল দেশের কাতারে সামিল হয়েছি। যারযার অবস্থান থেকে প্রতিটি সেক্টরের উৎপাদনমূখী কর্মযজ্ঞ এগিয়ে নিতে পারলে ২০৪১ সালের আগেই আমরা উন্নত রাষ্ট্রে পরিনত হব।